

মরিচের ফল ছিদ্রকারী পোকা (Fruit Borer)

বৈজ্ঞানিক নাম : *Helicoverpa armigera*

পরিবার : *Noctuidae*

বর্গ : *Lepidoptera*

ক্ষতির ধরণঃ

- ফলের বোটায় ছোট ছোট কালচে ছিদ্র দেখা যায়।
- পোকা ফল ছিদ্র করে ভিতরের অংশ খায়।
- ক্ষতিগ্রস্ত ফলের ভিতরে পোকার বিষ্ঠা ও পচন দেখা যায়।
- পোকা আক্রান্ত ফল নির্ধারিত সময়ের পূর্বেই পাকে।



ছবি : মরিচের ফল ছিদ্রকারী পোকায় আক্রান্ত ফল

দমন ব্যবস্থাপনাঃ

- মরিচের জমি গভীর ভাবে চাষ করা ও আগাছা মুক্ত রাখা।
- চারা রোপনের ১৫ দিন পর থেকে প্রতি ৩ দিনে একবার মরিচ ক্ষেত পরিদর্শন করা ভা।;
- সুষম সার ব্যবহার করতে হবে। কৃষকেরা বেশির ভাগ ক্ষেত্রে শুধু ইউরিয়া ব্যবহার করে। এতে গাছ সংবেদনশীল হয়। এজন্য অন্যান্য সার সুষম মাত্রায় ব্যবহার করতে হবে।
- আগাম বীজ বপন করা ভাল। ডিম, কীড়া ও আক্রান্ত ফল সংগ্রহ করে ক্ষেতের বাইরে নিয়ে এসে তা নষ্ট করে ফেলতে হবে।
- এক কেজি মেহগনির বীজ কুচি করে কেটে পাঁচ লিটার পানিতে চার-পাঁচ দিন ভিজিয়ে রাখতে হবে। এরপর ছেঁকে ২০ গ্রাম সাবান বা সাবান গুঁড়া এবং পাঁচ গ্রাম সোহাগা মিশিয়ে ২০ মিনিট ফুটিয়ে ঠাণ্ডা হলে পাঁচ গুণ পানিসহ স্প্রে করতে হবে।
- নিমজাত কীটনাশকের ব্যবহার করা যায়। যেমন- নিমবিসিডিন।
- শতকরা ১০ ভাগের বেশি মরিচ এ পোকা দ্বারা আক্রান্ত হলে নিচের যে কোন একটি গ্রুপের কীটনাশক অনুমোদিত মাত্রায় পানির সাথে মিশিয়ে গাছের সমস্ত অংশ ভালভাবে মিশিয়ে স্প্রে করা, যেমন- ডায়াজিনন, সাইপারমেথ্রিন, ডেল্টামেথ্রিন, সাইপারমেথ্রিন+প্রপিনোফস, স্পিনোস্যাড।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।